দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 APR 2017
পৃষ্ঠা ৬ কলাম ১

# এসডিজি অর্জনে কর্মক্ষেত্রে শিশুর বয়স নির্ধারণ জরুরি

## সেমিনারে বক্তাদের অভিমত

'আইএলও কনভেনশনের ১৩৮ ধারা অনুস্বাক্ষর সময়ের দাবি'

■ ইত্তেফাক রিপোর্ট

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন করতে হলে কর্মক্ষেত্রে শিশুর বয়স অবশ্যই নির্ধারণ করে দিতে হবে। আর এ জন্যে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) কনভেনশনের ১৩৮ ধারাতে বাংলাদেশ সরকারের অনুস্বাক্ষর করা এখন সময়ের দাবি। এই ধারায় স্বাক্ষর না করলে কাজ করতে গিয়ে নির্যাতনের শিকার হয়ে রাজন রাকিবের মতো হত্যার ঘটনা সমাজে ঘটতেই থাকবে।

গতকাল বুধবার শিল্পকলা একাডেমির সেমিনার কক্ষে 'র‍্যাটিফিকেশন অফ আইএলও কনভেনশন ১৩৮' শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। 'বিএসএসইনফোটেইনমেন্ট ডট নেট' অস্ট্রেলিয়ান এইড, সিএসআইডি ও ওয়ার্ল্ড ভিশন এর যৌথ সহযোগিতায় 'বাংলাদেশ সংবাদ সংস্থা'-বাসস এই সেমিনারের আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শ্রম ও কর্মসংস্থান বিষয়ক প্রতিমন্ত্রী মজিবুল হক চুন্নু বলেন, আমাদের দেশের প্রেক্ষাপটে আইএলও কনভেনশনের ১৩৮ অনুস্বাক্ষর করলে শিশুশ্রমে রাতারাতি কোনো পরিবর্তন আসবে কি-না, এর ফলে যদি ভালো কিছু হয় তো এ ধারায় অনুস্বাক্ষর করার হবে। তিনি বলেন, আমাদের সংবিধানেও অনেক ভালো কথা লেখা আছে, কিন্তু এখনো সবকিছুর বাস্তবায়ন হয়নি। তেমনি '১৩৮ এর স্বাক্ষর করলে কি হবে এবং না করলে কি হবে' পেছনের এ বিষয়গুলো তুলে ধরতে হবে। তিনি বলেন, ২০২৫ সালের মধ্যে সরকার সব ধরনের শিশুশ্রম নিরসন করবে এবং ২০২১ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ শিশু শ্রম নিরসনে কাজ করছে।

অনুষ্ঠানে মূল প্রবন্ধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. শাহানা হুদা বলেন, শ্রম আইনে ১৪ বছরের শিশু কাজ করতে পারবে, তবে তাকে শিক্ষার সুযোগ করে দিতে হবে। অপরদিকে শিশু যে কাজ করবে তাতে যেন তার স্বাস্থ্যঝুঁকি না থাকে। তবে ১২ বছরের নিচে কোনো শিশুকে কাজে নিয়োগ দেওয়া যাবে না।

সেমিনারে ওয়ার্ল্ড ভিশনের সহায়তায় শিশু সংগঠন ঘাসফুল ফাউন্ডেশনের পক্ষে কথা বলেন, শিশু প্রতিনিধি সায়ম আক্তারা। সে বলে, এতো আইন আমরা বুঝি না। আমি যদি গরিব ঘরের সন্তান হই তাহলে আমাকে কাজ করতেই হবে। কিন্তু আমি মনে করি একটি শিশু সারাদিন কাজ করলে, সে রাতে বাড়িতে ফিরে ক্লান্ত হয়ে পড়বে, তখন তার লেখাপড়া হবে না। দেশের অল্পকিছু শিশুর এই অসহায় অবস্থা। তাদের জন্যে এমন কোনো ব্যবস্থা কি কথা যায় না, যাতে তাদের কাজে যেতে না হয়।

সেমিনারে বাংলাদেশ সংবাদ সংস্থার ব্যবস্থাপনা পরিচালনক ও প্রধান সম্পাদক আবুল কালাম আজাদের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের সভাপতি মনজুরুল আহসান বুলবুল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্ম-শ্রমসচিব খোন্দকার মোস্তান হোসেন ও সিএসআইডি'র নির্বাহী পরিচালক খন্দকার জহুরুল আলম।

বাসস— এর বিশেষ প্রতিনিধি মাহফুজা জেসমিনের সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন আইন ও সালিশ কেন্দ্রের নির্বাহী পরিচালক শিপা হাফিজা, বাসস-এর ব্যবস্থাপনা সম্পাদক শাহরিয়ার শহীদ, প্রধান বার্তা সম্পাদক আশেকুন নবী চৌধুরী, ইউনিসেফ এর ইফতেখার হোসেন, ওয়ার্ল্ড ভিশনের অগাস্টিন সুভাস পিউরিফেকেশন, আইএলও এর মুনিরা সুলতানা, শাপলা নীড়ের আতিকা বারী, অপরাজেয় বাংলাদেশের আমিনা, সাংবাদিক কাজী রফিক, মোস্তফা মল্লিক, রাজু আহমেদ, বিলস-এর অ্যাডভোকেট নজরুল ইসলাম প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর